



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।
(তথ্য ও অভিযোগ শাখা)
www.netrokona.gov.bd



নোটিশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পরিপ্রেক্ষিতে আগামী ১৪ আগস্ট ২০২২ তারিখ বেলা ১.০০ ঘটিকায় জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষে শুদ্ধাচার সংক্রান্ত 'নৈতিকতা কমিটির' সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(নাজমীন আখতার)

সহকারী কমিশনার

তথ্য ও অভিযোগ শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।

প্রাপক,

..... নেত্রকোণা।

স্মারন নং- ০৫.৪৫.৭২০০.০২৩.০৬.০০৩২১- ১৫৯

তারিখ: ০৭ আগস্ট, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
২. অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
৩. নেজারত ডেপুটি কালেক্টর, নেত্রকোণা।
৪. সহকারী কমিশনার, আইসিটি শাখা, নেত্রকোণা কালেক্টরেট। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৫. সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের গোপনীয় শাখা। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
তথ্য ও অভিযোগ শাখা



আগস্ট/২২ মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি অঞ্জনা খান মজলিশ
জেলা প্রশাসক
সভার তারিখ ১৪ আগস্ট ২০২২ খ্রি.
সভার সময় বেলা ১.০০ টা।
স্থান জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোনো সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে অভ্যন্তরীণ আচার আচরণ এবং আইন-কানুন ও শুদ্ধাচার প্রশিক্ষণ নিয়মিত আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	প্রশাসনিক কর্মকর্তা সংস্থাপন শাখা
২.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সভা করে অর্জিত সাফল্য ও অন্তরায়সমূহ নির্ধারণ করে তা দূরীকরণের বিষয়ে আলোচনা হয়।	সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অর্জিত সাফল্য ও অন্তরায়সমূহ দূরীকরণের সিদ্ধান্ত হয়।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২. স্ব-স্ব প্রতিষ্ঠানসমূহ
৩.	ওয়েব-সাইট আপলোড করণ	এ জেলার সকল দপ্তরের স্ব স্ব ওয়েব সাইটে তথ্য আপলোড করতে হবে	স্ব - স্ব দপ্তর
৪.	সুশাসন প্রতিষ্ঠায় মাঠ পর্যায়ের কাজে দায়িত্বশীলতা, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং আইনের সঠিক প্রয়োগের বিষয়টি চর্চা করণ। যৌন হয়রানি প্রতিরোধ কমিটি স্কুল/কলেজ, বিভিন্ন দপ্তরে আছে কিনা, কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকলকে এ বিষয়ে উদ্যোগী হতে হবে এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১. দপ্তর প্রধান ২. জেলা শিক্ষা অফিসার ৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

জেলার সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত অনুশাসন মেনে চলা এবং নৈতিকতা সদস্যদের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

অঞ্জনা খান মজলিশ
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২০০.০২৩.০৬.০০১.২১.১৯৫

তারিখ: ১ ভাদ্র ১৪২৯

১৬ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৩) সচিব, তথ্য কমিশন, ঢাকা
- ৪) সিভিল সার্জন, নেত্রকোণা।
- ৫) জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা
- ৬) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- ৭), নেত্রকোণা।
- ৮) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নেত্রকোণা, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)

অঞ্জনা খান মজলিশ
জেলা প্রশাসক